

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচী-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.৯৮.০০১.১৪-৫৭৭

তারিখঃ ১৮ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ
০৪ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ


বিষয়ঃ পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে গৃহীত প্রস্তাব বাস্তবায়ন প্রসংগে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.১৬.০০২.১৫-৪০৯, তারিখ: ২০-১০-২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সেপ্টেম্বর ২০১৫ এর দ্বিতীয় পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত প্রস্তাব মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেনঃ

“শীত মৌসুমে যে সকল জেলায় শীতের তীব্রতা বেশি হওয়ার আশঙ্কা রয়েছে সে সকল জেলায়, বিশেষভাবে দেশের উত্তরাঞ্চলের জেলাগুলিতে পর্যাপ্ত শীতবস্ত্র সরবরাহের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে আগাম নির্দেশনা দেওয়া যেতে পারে”।

২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উল্লিখিত প্রস্তাব অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আমিনুল ইসলাম)
উপ-সচিব (ত্রাণ)
৯৫৪০১৭৯
e-mail sasreliefprog1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩ মহাখালী, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি প্রাপক বরাবর ই-মেইল/ফ্যাক্স মারফত প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ।
- ৬। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।
- ৮। মাস্টার কপি।